রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

২০২১ সনের ১১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৮, ২০২১

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৭৩—১৮৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২২১—২৪৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৮১—৩০৩ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ পৌষ ১৪২৭/১১ জানুয়ারি ২০২১

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৭-১২**—Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক দ্বিতীয় ধাপে নিম্নবর্ণিত পৌরসভাসমূহের সাধারণ নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণের দিন ১৬ জানুয়ারি, ২০২১ তারিখ শনিবার সাধারণ ছুটি ব্যতীত নির্বাচনী এলাকাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনী কার্যক্রমের জন্য নির্ধারণ করা হয়েছে, সেগুলো বন্ধ ঘোষণা করা হলো। তাছাড়া সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা এবং পার্শ্ববর্তী পৌরসভা/উপজেলা/জেলাধীন অন্যান্য দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ-দানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

**দ্বিতীয় ধাপে নিম্নবর্ণিত পৌরসভাসমূহের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে**

| ক্রঃ নং | জেলা | উপজেলা | পৌরসভার নাম |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | দিনাজপুর | দিনাজপুর | দিনাজপুর |
| ২. | দিনাজপুর | বিরামপুর | বিরামপুর |
| ৩. | দিনাজপুর | বীরগঞ্জ | বীরগঞ্জ |
| ৪. | নীলফামারী | সৈয়দপুর | সৈয়দপুর |
| ৫. | কুড়িগ্রাম | নাগেশ্বরী | নাগেশ্বরী |
| ৬. | গাইবান্ধা | সুন্দরগঞ্জ | সুন্দরগঞ্জ |

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ৭. | গাইবান্ধা | গাইবান্ধা | গাইবান্ধা |
| ৮. | বগুড়া | শেরপুর | শেরপুর |
| ৯. | বগুড়া | সারিয়াকান্দি | সারিয়াকান্দি |
| ১০. | বগুড়া | আদমদিঘী | সান্তাহার |
| ১১. | নওগাঁ | পত্নীতলা | নজিপুর |
| ১২. | রাজশাহী | গোদাগাড়ী | কাকনহাট |
| ১৩. | রাজশাহী | বাগমারা | ভবানীগঞ্জ |
| ১৪. | রাজশাহী | বাঘা | আড়ানী |
| ১৫. | নাটোর | নলডাঙ্গা | নলডাঙ্গা |
| ১৬. | নাটোর | লালপুর | গোপালপুর |
| ১৭. | নাটোর | গুরুদাসপুর | গুরুদাসপুর |
| ১৮. | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ |
| ১৯. | সিরাজগঞ্জ | উল্লাপাড়া | উল্লাপাড়া |
| ২০. | সিরাজগঞ্জ | বেলকুচি | বেলকুচি |
| ২১. | সিরাজগঞ্জ | রায়গঞ্জ | রায়গঞ্জ |
| ২২. | সিরাজগঞ্জ | কাজিপুর | কাজিপুর |
| ২৩. | পাবনা | ঈশ্বরদী | ঈশ্বরদী |
| ২৪. | পাবনা | ফরিদপুর | ফরিদপুর |
| ২৫. | পাবনা | সাঁথিয়া | সাঁথিয়া |
| ২৬. | পাবনা | ভাঙ্গুড়া | ভাঙ্গুড়া |
| ২৭. | মেহেরপুর | গাংনী | গাংনী |
| ২৮. | কুষ্টিয়া | কুষ্টিয়া | কুষ্টিয়া |
| ২৯. | কুষ্টিয়া | কুমারখালী | কুমারখালী |
| ৩০. | কুষ্টিয়া | ভেড়ামারা | ভেড়ামারা |
| ৩১. | কুষ্টিয়া | মিরপুর | মিরপুর |
| ৩২. | ঝিনাইদহ | শৈলকুপা | শৈলকুপা |
| ৩৩. | বাগেরহাট | মোংলা | মোংলাপোর্ট |
| ৩৪. | মাগুরা | মাগুরা | মাগুরা |
| ৩৫. | পিরোজপুর | পিরোজপুর | পিরোজপুর |
| ৩৬. | টাঙ্গাইল | ধনবাড়ী | ধনবাড়ী |
| ৩৭. | ময়মনসিংহ | মুক্তাগাছা | মুক্তাগাছা |
| ৩৮. | ময়মনসিংহ | ফুলবাড়ীয়া | ফুলবাড়ীয়া |
| ৩৯. | নেত্রকোণা | মোহনগঞ্জ | মোহনগঞ্জ |
| ৪০. | নেত্রকোণা | কেন্দুয়া | কেন্দুয়া |
| ৪১. | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ |
| ৪২. | কিশোরগঞ্জ | কুলিয়ারচর | কুলিয়ারচর |
| ৪৩. | ঢাকা | সাভার | সাভার |
| ৪৪. | নরসিংদী | মনোহরদী | মনোহরদী |
| ৪৫. | নারায়ণগঞ্জ | রূপগঞ্জ | তারাব |
| ৪৬. | ফরিদপুর | বোয়ালমারী | বোয়ালমারী |
| ৪৭. | শরীয়তপুর | শরীয়তপুর | শরীয়তপুর |
| ৪৮. | সুনামগঞ্জ | সুনামগঞ্জ | সুনামগঞ্জ |
| ৪৯. | সুনামগঞ্জ | ছাতক | ছাতক |
| ৫০. | সুনামগঞ্জ | জগন্নাথপুর | জগন্নাথপুর |
| ৫১. | মৌলভীবাজার | কমলগঞ্জ | কমলগঞ্জ |
| ৫২. | মৌলভীবাজার | কুলাউড়া | কুলাউড়া |
| ৫৩. | হবিগঞ্জ | মাধবপুর | মাধবপুর |
| ৫৪. | হবিগঞ্জ | নবীগঞ্জ | নবীগঞ্জ |
| ৫৫. | কুমিল্লা | চান্দিনা | চান্দিনা |
| ৫৬. | ফেনী | দাগনভূঞা | দাগনভূঞা |
| ৫৭. | নোয়াখালী | কোম্পানীগঞ্জ | বসুরহাট |
| ৫৮. | চট্টগ্রাম | সন্দ্বীপ | সন্দ্বীপ |
| ৫৯. | খাগড়াছড়ি পার্বত্য জেলা | খাগড়াছড়ি | খাগড়াছড়ি |
| ৬০. | বান্দরবান পার্বত্য জেলা | লামা | লামা |
| ৬১. | গাজীপুর | শ্রীপুর | শ্রীপুর (১ম ধাপে স্থগিতকৃত) |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম**
উপসচিব।

---

**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/১১ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

নং **০৫.০০.০০০০.১৮৩.২৭.০০২-১৯(বিমা)-১৬**—যেহেতু, জনাব মির্জা মুরাদ হাসান বেগ (পরিচিতি নম্বরঃ ১৬৫০৯), অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (সিনিয়র সহকারী সচিব), জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী, প্রাক্তন ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, ঢাকা এর বিরুদ্ধে কুড়িল পূর্বাচল ৩০০ ফিট রাস্তার দুই পার্শ্বে ১০০ ফুট খাল খনন প্রকল্পের জন্য ঢাকা জেলার এল.এ. কেস নং ২০/২০১৫-১৬-এর অনিয়মতান্ত্রিকভাবে 'নাল' শ্রেণির ভূমি যৌথ তদন্ত বহিতে 'ভিটি/বাড়ি' শ্রেণি হিসেবে লিপিবদ্ধকরণ এবং ক্যালকুলেশন সীটের হিসাবে গরমিলের এবং তিনি ২০/২০১৫-১৬ এল.এ. কেস প্রক্রিয়াকরণের গুরুত্বপূর্ণ সময়ে সংশ্লিষ্ট এল.এ. কেসে ভূমি অধিগ্রহণ কর্মকর্তা হিসেবে মূল্য তালিকা যথাযথ ও নির্ভুল ক্যালকুলেশন সিট তৈরির বিষয়ে অধস্তন কর্মকর্তা কর্মচারীগণ যথাযথভাবে কাজ করছে কিনা তা মনিটরিং করতে না পারায় এবং জেলা প্রশাসকের নির্দেশ অনুসারে প্রাক্কলন অনুমোদনের পূর্বে সাব-রেজিস্ট্রি অফিসে দলিল যথাযথভাবে যাচাই না করার কারণে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ', ও 'দুর্নীতিপরায়ণ' হওয়ার অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে ২৪-০৭-২০১৯ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কৈফিয়ত তলব করা হয়; এবং

যেহেতু, অভিযোগনামার জবাব প্রদানের জন্য সময় আবেদন করলে (২০-০৮-২০১৯ হতে ০২-০৯-২০১৯ তারিখ পর্যন্ত) সময় মঞ্জুর করা হলে তিনি ০১-০৯-২০২০ তারিখে কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির অনুরোধ করেন এবং সে মোতাবেক ১২-১১-২০১৯ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযোগের বিষয়ে তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা গত ২৯-০৩-২০২০ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করলে তদন্ত প্রতিবেদনে বেশ কিছু অসামঞ্জস্যতার জন্য পুনরায় ১২-০৮-২০২০ তারিখে একই কর্মকর্তাকে পুন:তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হলে পুন:তদন্তকারী কর্মকর্তা ০৪-১০-২০২০ তারিখে তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতে উল্লেখ করেন যে, অভিযুক্ত কর্মকর্তা মির্জা মুরাদ হাসান বেগ (পরিচিতি নম্বরঃ ১৬৫০৯) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ', এর অভিযোগ প্রমাণিত হয়েছে এবং একই বিধিমালার (ঘ) বিধি মোতাবেক 'দুর্নীতিপরায়ণ' হওয়ার অভিযোগ প্রমাণিত হয়নি; এবং

যেহেতু, উক্ত প্রতিবেদনের আলোকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) মোতাবেক কেন তাঁকে 'চাকুরী হতে বরখাস্তকরণ' শীর্ষক গুরুদন্ড বা উক্ত বিধিমালায় বর্ণিত যথোপযুক্ত গুরুদন্ড প্রদান করা হবে না মর্মে একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক ১২-১১-২০২০ তারিখে ৪৪৩ নম্বর স্মারকে দ্বিতীয় করাণ দর্শানোর নোটিশ জারি করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানোর জবাব প্রদান করলে তা পর্যালোচনা করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে এবং অভিযুক্ত কর্মকর্তা ঘটনার সময় একজন নবীন কর্মকর্তা ছিলেন এবং তিনি একজন বীর মুক্তিযোদ্ধার সন্তান, এ বিষয় দু'টি বিবেচনায় নিয়ে তার প্রতি নমনীয় মনোভাব পোষণ করা হয়;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি অনুযায়ী জনাব মির্জা মুরাদ হাসান বেগ (পরিচিতি নম্বরঃ ১৬৫০৯), অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (সিনিয়র সহকারী সচিব), জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী, প্রাক্তন ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, ঢাকা-কে 'তিরস্কার' লঘুদন্ড আরোপের শাস্তি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

---

**শৃঙ্খলা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/১১ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

নং **০৫.০০.০০০০.১৮২.২৭.০০৫.২০-৩৯**—যেহেতু, জনাব এস. এম. রাহাতুল ইসলাম (পরিচিতি নম্বর-১৮৪৬৭), প্রাক্তন সহকারী কমিশনার ও এন.ডি.সি., জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (বর্তমানে পরবর্তী পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত)-এর বিরুদ্ধে বাংলা ট্রিবিউন এর অনলাইন নিউজ পোর্টালসহ অন্যান্য পত্রিকায় প্রকাশিত সংবাদমতে গত ১৩-০৩-২০২০ খ্রি. তারিখ দিবাগত রাতে জনাব এস.এম. রাহাতুল ইসলামসহ তিন জন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ১৫-১৬ জন আনসার সদস্য নিয়ে দরজা ভেঙ্গে জনাব আরিফুল ইসলাম এর বাসায় প্রবেশ করেন; এ সময় আরিফুলের বাসায় আধা বোতল মদ ও দেড়শ গ্রাম গাঁজা পাওয়া গেছে বলে দাবি করেন এবং তাকে তুলে নিয়ে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম-এ আনয়নপূর্বক মোবাইল কোর্টের মাধ্যমে ১ (এক) বছরের জেল প্রদান করেন; তার বিরুদ্ধে প্রকাশিত সংবাদের বিষয়ে অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রংপুর তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং বিভাগীয় কমিশনার, রংপুর তদন্ত প্রতিবেদনের সঙ্গে ঐকমত্য পোষণ করেন; সে অনুযায়ী উক্ত ভ্রাম্যমাণ আদালত/অভিযান এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক যথেচ্ছভাবে পরিচালিত হওয়ায় ক্ষমতার অপব্যবহারসহ প্রশাসনের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়; তিনি অভিযান পরিচালনাকালে এবং পরবর্তীকালে সাংবাদিক জনাব আরিফুল ইসলাম-কে জেলা প্রশাসকের কার্যালয়ে নিয়ে গিয়ে অসৌজন্যমূলক আচরণ করেন; জনাব এস.এম. রাহাতুল ইসলাম অভিযান পরিচালনাকালে সাংবাদিক জনাব আরিফুল ইসলামকে আটক করে কোথায় নিয়ে যাওয়া হচ্ছে এবং শাস্তি প্রদান পরবর্তীকালে গৃহীত ব্যবস্থা সম্পর্কে জেলা প্রশাসনের পক্ষ হতে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ/অন্য কাউকে আনুষ্ঠানিকভাবে অবহিত করেননি বিধায় গৃহীত অভিযান সম্পর্কে ব্যাপক সন্দেহের সৃষ্টি হয়; প্রসিকিউশনপক্ষ তথা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধির অনুপস্থিতি সত্ত্বেও তিনি গভীর রাতে অভিযান পরিচালনা করেন এবং অভিযান পরিচালনা সম্পন্ন হওয়ার দীর্ঘ প্রায় ১৮ ঘন্টা পর পিছনের তারিখ দিয়ে প্রসিকিউশন পক্ষের স্বাক্ষর গ্রহণ করেন; ফলে তার এ ধরনের কার্যক্রম এ অভিযান পরিচালনাকে প্রশ্নবিদ্ধ করেছে এবং গৃহীত কার্যক্রম আইন-সম্মত হয়নি মর্মে প্রতীয়মান হয়; তিনি প্রসিকিউশন পক্ষের অনুপস্থিতি সত্ত্বেও টাস্কফোর্স পরিচালনা করেন এবং জনাব আরিফুল ইসলামকে সাজা প্রদান করেন; এক্ষেত্রে টাস্কফোর্স অভিযান পরিচালিত হয়ে থাকলে নিয়মিত মামলা দায়ের হওয়া বাঞ্ছনীয় ছিল; পক্ষান্তরে গভীর রাতে যথাযথ প্রক্রিয়া ব্যতীত ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা বিধিসম্মত হয়নি যার দায়-দায়িত্ব তিনি এড়াতে পারেন না; তার দ্বারা সংঘটিত এ ধরনের কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ এর (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়ন করে তার নিকট প্রেরণ করা হয়; তিনি নির্ধারিত ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত বক্তব্য দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি গ্রহণের জন্য ইচ্ছা পোষণ করেন; এই পরিপ্রেক্ষিতে ২৯-০৭-২০২০ খ্রি. তারিখে শুনানি অনুষ্ঠিত হয়; শুনানি অন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৩ (তিন) জন কর্মকর্তা সমন্বয়ে তদন্ত বোর্ড গঠন করা হয়; এবং

যেহেতু, তদন্ত বোর্ড তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন; তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তা জনাব এস. এম. রাহাতুল ইসলাম-এর বিরুদ্ধে সরকারি

কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, কারণ দর্শানোর জবাব ও তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় ঘটনার সময় অভিযুক্ত কর্মকর্তা জনাব এস. এম. রাহাতুল ইসলাম এন.ডি.সি. ও ট্রেজারি অফিসারের দায়িত্ব পালন করছিলেন; গভীররাতে অবৈধভাবে মোবাইল কোর্ট পরিচালনার সময় তিনি এখতিয়ার বহির্ভূতভাবে সার্বক্ষণিক উপস্থিত থেকে বিভিন্ন বেআইনী কার্যক্রমে সম্পৃক্ত ছিলেন মর্মে প্রতিবেদনে প্রকাশ পেয়েছে; তাছাড়া ট্রেজারি অফিসার হিসেবে তিনি দায়িত্ব পালনে চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন; তদন্ত বোর্ড অভিযুক্তের বিরুদ্ধে যথার্থভাবেই 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত দিয়েছেন; এ কারণে অভিযুক্ত শাস্তি পাওয়ার যোগ্য; তবে অভিযুক্ত একজন নবীন শিক্ষানবিশ কর্মকর্তা ও নিজের দায়িত্ব সম্পর্কে তেমন সচেতন ছিলেন না এবং তার পিতা একজন বীর মুক্তিযোদ্ধা হওয়ায় সবকিছু বিবেচনায় তার প্রতি নমনীয় মনোভাব পোষণ করা হলো;

সেহেতু, তদন্ত প্রতিবেদন মোতাবেক জনাব এস.এম. রাহাতুল ইসলাম (পরিচিতি নম্বর: ১৮৪৬৭), প্রাক্তন সহকারী কমিশনার ও এন.ডি.সি., জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (বর্তমানে পরবর্তী পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর উপবিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার পরবর্তী বেতন বৃদ্ধির প্রাপ্যতার তারিখ হতে তৎপরবর্তী ০৩ (তিন) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখা হলো; ভবিষ্যতে তিনি এর জন্য কোন বকেয়া বেতন-ভাতা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৩ মাঘ ১৪২৭/১৭ জানুয়ারি ২০২১

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-৩২**—Bangladesh Bank Order, 1972 এর Article 9(3)(b) ও 12(1)(b) ধারা অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর জনাব আহমেদ জামাল-কে বাংলাদেশ ব্যাংকের পরিচালক পর্ষদে পরিচালক এবং নির্বাহী কমিটির সদস্য হিসেব ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০১১.১৭-৩৩**—দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিমিটেড এর সংঘ-স্মারক (Memorandum of Association) এর অনুচ্ছেদ ২৫ মোতাবেক বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর জনাব কাজী ছাইদুর রহমান-কে দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৮ জানুয়ারি ২০২১

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-৩৬**—The Bangladesh Krishi Bank Order, 1973 এর Article 7 ও 8 এর বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদে জনাব মোঃ আসাদুল্লাহ, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-কে তাঁর বর্তমান পদে চাকুরীকাল পর্যন্ত (সর্বোচ্চ ৩ বছর) উক্ত ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[শুল্ক]**

**বিশেষ আদেশ**

তারিখ : ৩০ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ/১৪ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

নং **০০২/২০২১/কাস্টমস/১০** ।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স স্কাইলাক্স ডিউটি ফ্রি শপ (বণ্ড লাইসেন্স নং-৭৬৭/কাস-পিবিডব্লিউ/২০১২, তাং- ২৫-০১-১২) এর অনুকূলে ২০২০-২০২১ অর্থবছরের জন্য নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্র. নং | পণ্যের নাম | ২০২০-২০২১ আমদানি প্রাপ্যতা (মাঃ ডঃ) |
|---|---|---|
| ১। | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৩,০০,০০০.০০ |
| ২। | লিকার ও অন্যান্য ড্রিংকস | ৫০,০০০.০০ |
| ৩। | কসমেটিক্স/টয়লেট্রিজ ও পারফিউম সামগ্রী | ১৮,০০০.০০ |
| ৪। | কনফেকশনারী | ৬,০০০.০০ |
| | মোট = | ৩,৭৪,০০০.০০ (তিন লক্ষ চুয়াত্তর হাজার) |

**শর্তাবলী :**

(ক) অনুমোদিত প্রাপ্যতার যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে কমিশনারেট কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন;

(খ) পণ্য ইন্টু বন্ড ও এক্স বন্ড যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়, সে লক্ষ্যে ইন্টু বন্ড ও এক্স বন্ড সম্পন্নের পর দায়িত্বপ্রাপ্ত সহকারী রাজস্ব কর্মকর্তা ও রাজস্ব কর্মকর্তার সমন্বয়ে যৌথ স্বাক্ষরিত প্রতিবেদন বন্ড কমিশনারেট, ঢাকার সংশ্লিষ্ট সহকারি কমিশনার কর্তৃক নিয়মিত পর্যবেক্ষণ করার নির্দেশনা প্রদান করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ডল**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

**[কাস্টমস:]**

**আদেশ**

তারিখ : ০৪ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ/১৮ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

নং **০০৩/২০২১/কাস্টমস/১৩**।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক শাহ-আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম এ অবস্থিত মেসার্স বেলাজিও লিঃ (বন্ড লাইসেন্স নং-৫(১৩)কাবক/চট্ট:/বন্ড.(শুল্কমুক্ত বিপণী)/লাইঃ/০২/২০১৯, তাং ১৩-০২-২০১৯ খ্রিঃ) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০২০-২০২১ অর্থবছরের জন্য নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্র. নং | পণ্যের নাম | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | Cigarettes & Tobacco | ২,৪৫,০০০.০০ মাঃ ডঃ |
| ২ | Alcoholic Beverage (Liquor, Beer, Wine) (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর থেকে লাইসেন্স ও আমদানির অনুমতি গ্রহণ সাপেক্ষে) | ৭০,০০০.০০ মাঃ ডঃ |
| ৩ | Cosmetic and Toiletries | ১,৪০,০০০.০০ মাঃ ডঃ |
| ৪ | Beverage (Non-alcoholic), Confectionary, Electronics, Gift Item | ১,৪০,০০০.০০ মাঃ ডঃ |
| | মোট (কথায়: পাঁচ লক্ষ পঁচানব্বই হাজার মাঃ ডঃ) | ৫,৯৫,০০০.০০ মাঃ ডঃ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ডল**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অর্থ মন্ত্রণালয়**
**শাখা-১ (প্রশাসন)**

**পরিপত্র**

তারিখ : ২৯ পৌষ ১৪২৭/১৩ জানুয়ারি ২০২১

বিষয় : **মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের ছুটি, সাধারণ ভবিষ্য তহবিলের অগ্রিম মঞ্জুরি এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাগণের পিআরএল ও পেনশন মঞ্জুরীর ক্ষমতা বিকেন্দ্রীকরণ।**

নং **০৮.০০.০০০০.০৩৬.১৮.০৭৩.১৫-৯**—মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার পরিপ্রেক্ষিতে এ বিভাগ হতে ২৩ নভেম্বর ২০১৬ তারিখের ০৮.০০.০০০০.০৩৬.১৮.০৭৩.১৫-১৩৭৫ এর মাধ্যমে জারীকৃত পরিপত্রের আয়কর অনুবিভাগ অংশে বর্ণিত সারণীর ক্রমিক নং-৪ এর স্থলে নিম্নরূপভাবে ক্রমিক নং-৪ প্রতিস্থাপন করা হলো :

**আয়কর অনুবিভাগ**

| ক্রম | বিষয় | ক্ষমতা অর্পণের স্তর | | | |
|---|---|---|---|---|---|
| | | ক্যাটাগরি-১ বিভাগীয় প্রধান (অধিদপ্তর/পরিদপ্তর) | ক্যাটাগরি-২ বিভাগ/আঞ্চলিক দপ্তর প্রধান | ক্যাটাগরি-৩ জেলা পর্যায়ের দপ্তর প্রধান | ক্যাটাগরি-৪ উপজেলা পর্যায়ের দপ্তর প্রধান |
| | | চেয়ারম্যান | সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) | কর কমিশনার | অতিরিক্ত/যুগ্মকর কমিশনার |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০৪. | ২য় শ্রেণির কর্মকর্তার পিআরএল, পেনশন/পারিবারিক পেনশন ও অবসর প্রদান (সরকারি চাকরি আইন-২০১৮ এর ৪৫ ধারা ব্যতীত) | -- | নিজ দপ্তরের ১০ গ্রেডভুক্ত সকল কর্মকর্তা | (ক) নিজ দপ্তরের ১১-২০ গ্রেডভুক্ত সকল কর্মচারী:<br>(খ) নিয়ন্ত্রণাধীন উপজেলা পর্যায়ের দপ্তরের ১১-২০ গ্রেডভুক্ত সকল কর্মচারী। | -- |

**মোঃ সামীম আহসান**
সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ২১ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ/০৫ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

নং **আর-৬/৭এন-২৩/২০২০-০১**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব শাহানাজ পারভীন, পিতা-মোঃ শাহাদৎ হোসেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ১৮ জানুয়ারি ২০২১ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-০২/৮৯-০৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ জয়নাল আবেদীন, পিতা-মোঃ আব্দুল কাদের আকন্দ, মাতা- মোছাঃ জমিলা, গ্রাম-দৌলতপুর, ডাকঘর-খোর্দ্দকোমরপুর, উপজেলা-সাদুল্লাপুর, জেলা-গাইবান্ধা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলার ১১নং খোর্দ্দকোমরপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**বিচার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ/২০ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

নং **১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৮.৪৫**—যেহেতু ১১তম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০১৭ এর মাধ্যমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক সুপারিশকৃত প্রার্থী জনাব মোহাম্মদ মিজানুল হক, সাবেক সহকারী জজ, সিলেট, সংযুক্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), আইন ও বিচার বিভাগ-কে অধস্তন আদালতে বিচারক সংকট থাকায় মাহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদন গ্রহণক্রমে প্রাক পরিচয় যাচাই কার্যক্রম চলমান রেখে গত ১৯-১১-২০১৮ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপনমূলে অস্থায়ী ভিত্তিতে শর্ত সাপেক্ষে সহকারী জজ পদে নিয়োগ প্রদান করা হয়;

যেহেতু জনাব মোহাম্মদ মিজানুল হক এর বিরুদ্ধে চাকরিতে যোগদানের পূর্ব হতেই ৩টি ফৌজদারী মামলা বিচারাধীন থাকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয় তাঁর সহকারী জজ পদে নিয়োগের বিষয়ে আপত্তি জ্ঞাপন করে এবং উক্ত বিষয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের আলোকে কেন তাঁর নিয়োগ আদেশ বাতিল করা হবে না তৎমর্মে তাঁকে কারণ দর্শানো হয়;

যেহেতু কারণ দর্শানের প্রেক্ষিতে জনাব মোহাম্মদ মিজানুল হক এর দাখিলকৃত লিখিত জবাবের বক্তব্য গ্রহণযোগ্য না হওয়ায় তার নিয়োগ আদেশ বাতিলসহ সরকারের নিকট হতে গৃহীত বেতন-ভাতাদি প্রত্যাবর্তন করার জন্য তাঁকে নির্দেশ প্রদান করার সিদ্ধান্ত গ্রহণক্রমে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ যাচনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট উক্ত প্রস্তাবের সাথে একমত পোষণ করে;

যেহেতু উক্ত প্রস্তাব মাহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন;

সেহেতু নিয়োগ পত্রের শর্ত অনুযায়ী জনাব মোহাম্মদ মিজানুল হক, সাবেক সহকারী জজ, সিলেট, সংযুক্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), আইন ও বিচার বিভাগ-এর নিয়োগ আদেশ বাতিল করা হলো এবং তাকে সরকারের নিকট হতে গৃহীত বেতন-ভাতাদি প্রত্যাবর্তন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

জনস্বার্থে এই আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ : ০৯ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ/২৪ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

নং **আর-৬/৭এন-১৫/২০২০-২৩৪**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ফরিদপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ জাকির হোসেন, পিতা-মোঃ আব্দুর কাদের ভূঁইয়া-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-২৯/২০২০-২৩৫**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে নারায়ণগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব এ, কে, এম ফজলুর রহমান খান, পিতা-মৃত আবদুল গফুর খান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৩২/২০২০-২৩৬**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে নোয়াখালী জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব শিবনাথ ভৌমিক, পিতা-মৃত স্মৃতিদা ভৌমিক-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১৪ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ/২৯ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

নং **আর-৬/৭এন-১১/২০২০-২৬১**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে বরিশাল জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব রাশিদা আখতার, পিতা-মির মোবারেক উদ্দিন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হইলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**খাদ্য মন্ত্রণালয়**
**(সংস্থা প্রশাসন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ মাঘ, ১৪২৭ ব./২০ জানুয়ারি, ২০২১ খ্রি.

নং **১৩.০০.০০০০.০২২.০৬.০০১.১৬(অংশ-১)-৪১**—খাদ্য মন্ত্রণালয়ের গত ১০-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০০.০০০০. ০২২.০৬.০০১.১৬-১৮৯ নং সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান খান**
সিনিয়র সহকারী সচিব।

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ মাঘ ১৪২৭/১৮ জানুয়ারি ২০২১

নং **২৮.০৫.০০০০.০১২.২৭.০০১.১৭-০৩**—জনাব পীযূষ তালুকদার গত ২৯-১১-২০১৮ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরে সহকারী পরিচালক (ড্রিলিং প্রকৌশল) পদে যোগদান করেন। তিনি গত ১০-০১-২০১৯ তারিখ হতে অধ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

২। জনাব পীযূষ তালুকদার গত ১০-০১-২০১৯ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় গত ১৫-০১-২০১৯ ও ২৩-০৮-২০২০ তারিখে কারণ ব্যাখ্যাসহ স্বীয় পদ ও কর্মস্থলে যোগদান করার জন্য তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগের পত্র প্রেরণ করা হয়। কিন্তু উক্ত পত্রের প্রেক্ষিতে তিনি অধ্যাবধি স্বীয় কর্মস্থলে যোগদান করেননি বা অননুমোদিত অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করেননি।

৩। জনাব পীযূষ তালুকদার গত ১০-০১-২০১৯ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় নিয়োগ পত্রের 'ক' শর্ত অনুযায়ী তাকে সরকারি চাকরি হতে অপসারণ (Termination) করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনিছুর রহমান**
সিনিয়র সচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ মাঘ ১৪২৭/১৯ জানুয়ারি ২০২১

নং **৪০.০০.০০০০.০১৬.৩০.০১৯.১৮.৬**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে "Coca-Cola International Beverages Private Limited" - কে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৫, ১০৬ ও ১১৪ এর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তে ০১ মার্চ ২০২০ হইতে ৩১ আগস্ট ২০২০ খ্রিঃ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :

**শর্তাবলী :**

| | |
|---|---|
| ১। | অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে; |
| ২। | কোন শ্রমিক দ্বারা তাহার সম্মতি ব্যতিরেকে কোন কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘন্টার অধিক সময় কাজ করানো যাইবে না; |
| ৩। | বিধি মোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে; |
| ৪। | কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে; |
| ৫। | বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত-২০১৮) ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে; |
| ৬। | শ্রমিকদের স্বাস্থ্যবিধি মানিয়া কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে; |
| ৭। | বিধি মোতাবেক অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিল স্থাপন করিতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহানা জামান**
উপসচিব।

---

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**ক্রীড়া-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৪ মাঘ, ১৪২৭/১৮ জানুয়ারি, ২০২১

নং **৩৪.০০.০০০০.০৭১.০১০.২০১৬-২৯**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ এর ২২ ধারা অনুযায়ী লেঃ জেনারেল মোঃ মইনুল ইসলাম, ওএসপি, বিজিবিএম, এডব্লিউসি, পিএসসি (অবঃ)-কে বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

তারিখ : ০৬ মাঘ, ১৪২৭/২০ জানুয়ারি, ২০২১

নং **৩৪.০০.০০০০.০৭১.০১০.২০১৬-৩৫**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ এর ২২ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ জুডো ফেডারেশনের বর্তমান সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল এস কে আবু বাকের (অবঃ)-কে সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

নং **৩৪.০০.০০০০.০৭১.০১০.২০১৬-৩৬**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ এর ২২ ধারা অনুযায়ী প্রাক্তন সংসদ সদস্য জনাব ফায়জুর রহমান বাদল-কে বাংলাদেশ জুডো ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাঙ্গীর হাওলাদার**
সহকারী সচিব।

---

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**(বাজেট ও অডিট শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ পৌষ ১৪২৭/১৪ জানুয়ারি ২০২১

নং **৪৩.০০.০০০০.১২৫.২০.০০১.১৭.৭৩৭**—অর্থ বিভাগের ১৩-০৬-২০১২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৩.২০০৮-৪২০ নম্বর স্মারক মোতাবেক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের

মধ্যমেয়াদি বাজেট কাঠামো পর্যালোচনা ও অনুমোদনের লক্ষ্যে নিম্নরূপভাবে "বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)" পুনর্গঠন করা হলো :

| ক্রমিক নং | পদবি | "বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)" এর পদ |
|---|---|---|
| ১ | সচিব<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৩ | অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৪ | অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৫ | সকল দপ্তর/সংস্থা প্রধান<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৬ | যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা)<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৭ | যুগ্মসচিব/উপসচিব (কারিগরী)<br>বাজেট অধিশাখা-৭, অর্থ বিভাগ<br>অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৮ | উপপ্রধান, পরিকল্পনা কমিশনের<br>আর্থসামাজিক অবকাঠামো বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৯ | চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১০ | যুগ্মসচিব/উপসচিব<br>বাজেট অধিশাখা<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কার্যপরিধি :**

১. বাজেট সংশ্লিষ্ট স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী নীতির খসড়া পরীক্ষা ও অনুমোদনের জন্য সুপারিশ প্রদান;

২. বাজেট সংশ্লিষ্ট পরিকল্পনা/কর্মপরিকল্পনা অনুমোদন;

৩. বাজেট কাঠামো অনুমোদন;

৪. বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প গ্রহণ বিষয়ে অনুমোদন;

৫. সচিবালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা অনুমোদন;

৬. রাজস্ব আয় এবং পরিচালন ও উন্নয়ন ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদন;

৭. রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির প্রস্তাব পর্যালোচনা ও অনুমোদন;

৮. উন্নয়ন অনুবিভাগ/অধিশাখা/শাখার সাথে সমন্বয়ের মাধ্যমে মাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণের অগ্রগতি এবং অধিদপ্তর/সংস্থাওয়ারী সকল কার্যক্রম/প্রকল্প/কর্মসূচির বাস্তবায়ন (Financial and Non Financial) অগ্রগতি পর্যালোচনা এবং রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন ও বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশি না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

৯. ত্রৈমাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা এবং অনুমোদন;

১০. প্রধান কর্মকৃতি নির্দেশক এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন পরিবীক্ষণ এবং লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;

১১. নিরীক্ষা প্রত্যয়নের জন্য মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণের পূর্বে বার্ষিক উপযোজন হিসাব অনুমোদন;

১২. অভ্যন্তরীণ ও বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

১৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ ও অগ্রাধিকার নির্ণয়, কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রা নির্ধারণ ও এ জাতীয় বিশেষ কাজ সম্পাদনের জন্য প্রয়োজনবোধে বাজেট ব্যবস্থাপনা উপ-কমিটি গঠন;

১৪. বছরে ৭ (সাত) বা ততোধিক সভার আয়োজন। প্রয়োজনবোধে সভাপতি কর্তৃক যে কোন সময় বিশেষ সভা আহবান।

৩। 'বাজেট ব্যবস্থাপনা কমিটি' সংক্রান্ত ৪৩.০০.০০০০.১২১.২০.০৩০.১১ (৫ম খন্ড)-৫৪৭ বিগত ২৫-১০-২০১২ তারিখের নম্বর প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

**ড. মাসুমা পারভীন**
উপসচিব (বাজেট ও অডিট)।

---

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ পৌষ ১৪২৭/১৪ জানুয়ারি ২০২১

নং **৪৩.০০.০০০০.১২৫.২০.০০১.১৭.৭৩৮**—অর্থ বিভাগের ১৩-০৬-২০১২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৩.২০০৮-৪২০ নম্বর স্মারক মোতাবেক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি বাজেট কাঠামো পর্যালোচনা ও অনুমোদনের লক্ষ্যে নিম্নরূপভাবে "বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)" পুনর্গঠন করা হলো :

| ক্রমিক নং | পদবি | "বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)" এর পদ |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব<br>(উন্নয়ন ও পরিকল্পনা)<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |

| ক্রমিক নং | পদবি | "বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)" এর পদ |
|---|---|---|
| ৩ | যুগ্মসচিব (বাজেট ও অডিট)<br>বাজেট অধিশাখা<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৪ | চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৫ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব<br>শাখা-২৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৬ | উপপ্রধান, পরিকল্পনা কমিশনের<br>আর্থসামাজিক অবকাঠামো বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৭ | সকল দপ্তর/সংস্থার বাজেট/হিসাব ও<br>পরিকল্পনা শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৮ | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব<br>বাজেট সংশ্লিষ্ট শাখা<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। | সদস্য-সচিব |

২। **কার্যপরিধি :**

১. বাজেট সংশ্লিষ্ট পরিকল্পনা/কর্মপরিকল্পনা পরীক্ষা-নিরীক্ষা;

২. প্রণীত খসড়া বাজেট কাঠামো পরীক্ষা-নিরীক্ষা;

৩. সচিবালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা পরীক্ষা-নিরীক্ষা;

৪. রাজস্ব আয় এবং পরিচালন ও উন্নয়ন ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ পরীক্ষা-নিরীক্ষা;

৫. বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা;

৬. প্রধান কর্মকৃতি নির্দেশক এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা;

৭. বাজেট বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা;

৮. বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যপত্র পরীক্ষা-নিরীক্ষা;

৯. বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অথবা সচিব মহোদয় কর্তৃক প্রদত্ত বাজেট প্রণয়ন বাস্তাবায়ন পরিবীক্ষণ এবং পর্যালোচনা সংক্রান্ত অন্য যে কোন বিষয় সম্পাদন।

৩। 'বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)' সংক্রান্ত ৪৩.০০.০০০০.১২১.২০.০৩০.১১ (৫ম খন্ড)-৫৪৮ বিগত ২৫-১০-২০১২ তারিখের নম্বর প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

**ড. মাসুমা পারভীন**
উপসচিব (বাজেট ও অডিট)।

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
## মৎস্য-৩ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৫ মাঘ ১৪২৭/১৯ জানুয়ারি ২০২১

নং **৩৩.০০.০০০০.১২৮.০১৮.২৫.১৪(অংশ-১)-২২**—মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম-এর গভর্নিং বডির ১৭-১২-২০২০ তারিখের সভার সিদ্ধান্তক্রমে উক্ত একাডেমির গভর্নিং বডি নিম্নোক্ত সদস্য সমন্বয়ে পুনর্গঠন করা হলো :

(ক) **গভর্নিং বডির কাঠামো :—**

**সভাপতি**

(১) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা

(৩) অতিরিক্ত সচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

(৪) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম

(৫) যুগ্মসচিব (ব্লু-ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

(৬) প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিবের নীচে নয়)

(৭) চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম

(৮) প্রতিনিধি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় (অধ্যাপক পদমর্যাদার নীচে নয়)

(৯) পরিচালক, ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম

(১০) প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য অধিদপ্তর, চট্টগ্রাম

(১১) বিভাগীয় প্রধান, মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম

(১২) বিভাগীয় প্রধান, নটিক্যাল স্টাডিজ বিভাগ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম

(১৩) বিভাগীয় প্রধান, মেরিন ফিশারিজ বিভাগ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম

(১৪) সভাপতি, বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ মালিক সমিতি

**সদস্য-সচিব**

(১৫) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম

(খ) **গভর্নিং বডির কার্যপরিধি :—**

(১) সামুদ্রিক মৎস্য আহরণ ও নৌ-বাণিজ্য ব্যবস্থাপনা কার্যক্রমে দক্ষ জনবল সৃষ্টিতে মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম-কে (Centre of Excellence) হিসেবে প্রতিষ্ঠায় সার্বিক দিক নির্দেশনা প্রদান;

(২) মেরিন ফেশারিজ একাডেমির বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা, আর্থিক ও প্রশাসনিক বিষয়াদি পর্যালোচনা ও অনুমোদন;

(৩) প্রশিক্ষণের মান ও কার্যকারিতা মূল্যায়ন; এবং

(৪) প্রশিক্ষণার্থীদের দক্ষতা মূল্যায়ন।

(গ) গভর্নিং বডি বছরে ন্যুনতম ২টি সভা করবে।

(ঘ) সভাপতি সহ ৫ (পাঁচ) জন সদস্য উপস্থিত থাকলে সভার কোরাম পূর্ণ হবে।

(ঙ) প্রয়োজনে এ গভর্নিং বডি নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

(চ) মেরিন ফিশারিজ একাডেমি এ গভর্নিং বডিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ছ) একাডেমির নীতিগত ও মৌলিক বিষয়ে গভর্নিং বডির সিদ্ধান্ত গ্রহণের পর তা অনুমোদনের জন্য এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ আবদুল লতিফ**
উপসচিব।

---

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

## পর্যটন-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৯ পৌষ ১৪২৭/১৩ জানুয়ারি ২০২১

নং **৩০.০০.০০০০.০১৫.১১.০০১.২০.২৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেয়া পর্যন্ত হোটেলস্ ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর পরিচালনা পর্ষদের পরিচালক মেজর জেনারেল মুহম্মদ হাবিবুর রহমান খান, এনডিসি, পিএসসি, প্রাক্তন নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ ( বেপজা) এর স্থলে বেপজা এর বর্তমান নির্বাহী চেয়ারম্যান মেজর জেনারেল মো: নজরুল ইসলাম এসপিপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি, জি-কে পরিচালনা পর্ষদের পরিচালক নিয়োগ প্রদান করা হইল।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামীমা নাসরীন**
উপসচিব।

---

### সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ : ০৫ মাঘ ১৪২৭/১৯ জানুয়ারি ২০২১

নং **৩০.০০.০০০০.০১৫.১১.০০১.২০.৩৪/৩৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পুনরাদেশ না দেয়া পর্যন্ত হোটেলস্ ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর পরিচালনা পর্ষদের পরিচালক মেজর জেনারেল এস এম সালাহউদ্দিন ইসলাম, বিপি, এসপিপি, এনডিসি, পিএসসি, প্রাক্তন নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর স্থলে বেপজা এর বর্তমান নির্বাহী চেয়ারম্যান মেজর জেনারেল মো: নজরুল ইসলাম এসপিপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি, জি-কে পরিচালনা পর্ষদের পরিচালক নিয়োগ প্রদান করা হইল।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

৩। বিবেচ্য প্রজ্ঞাপনটি এ মন্ত্রণালয় হইতে গত ১৩-০১-২০২১ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-৩০.০০.০০০০.০১৫.১১.০০১.২০.২৫ এর স্থলাভিষিক্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামীমা নাসরীন**
উপসচিব।

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

## প্রশাসন-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৩ কার্তিক ১৪২৭/০৮ নভেম্বর ২০২০

নং **৩৮.০০.০০০০.০০২.৯৯.০৭৪.২০.১০৮৯**—চাঁপাইনবাবগঞ্জ জেলার "নবাবগঞ্জ পিটিআই" এর নাম পরিবর্তন করে "চাঁপাইনবাবগঞ্জ পিটিআই" নামকরণ করা হলো।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

---

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২২ পৌষ ১৪২৭/০৬ জানুয়ারি ২০২১

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.০৮৭.১৯-১১**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৯২০১ ক্যাপ্টেন তামিম তালহা হৃদয়, অর্ডন্যান্স-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস্) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৩ মাঘ ১৪২৭/১৭ জানুয়ারি ২০২১

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.০৮৭.১৯-৪৩**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬৮৬১ মেজর মোঃ জামায়েল ইমতিয়াজ সিরাজী, পদাতিক-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস্) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.০৮৭.১৯-৪৪**—বাংলাদেশ সেনাবাহিনীর জেএসএস-০০৮০৯ লে. মোসাঃ মুনমুন ইসলাম, এএফএনএস-কে বাংলাদেশ আর্মড ফোর্সেস নার্সিং সার্ভিস (এএফএনএস) অ্যাক্ট ১৯৫২-এর ধারা-৭ অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ৩০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ/১৪ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪৭.১৯.৩৫**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ধর্ম্মপুর | ৯৭ | ৭৬১ | কুমিল্লা সদর | কুমিল্লা | মহামান্য হাইকোর্ট বিভাগে ৪৯৮৭/১০, ৪৯৮৮/১০, ৪৯৯০/১০, ৪৯৯৫/১০, ৪৯৯৬/১০, ৪৯৭৬/১০, ৫৫৪৭/১০, ও ৯৫৮৯/১০ নম্বর রিট পিটিশন দায়ের থাকায় রিট সংশ্লিষ্ট ২৬৮, ৩৪৭, ৭২৬, ৫২৬, ৩৬৭, ৩৬৮, ৩৬৯, ৬০৮ ও ১২ নম্বরসহ মোট ৯টি খতিয়ান ব্যতীত। |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০২.১৫(অংশ-১).৩৬**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | ভাটির চর | ১০৩ | ০১ | সোনাগাজী | ফেনী |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.১৬৩.১০(অংশ-১).৩৭**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| পূর্ববর্তী গেজেট বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর | পূর্ববর্তী গেজেট বিজ্ঞপ্তিতে উল্লেখিত মৌজার নাম | সংশোধিত মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান নম্বর | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ৩ | রাভনা | রাবনা | ২১৫ | ৪৯১ | টাঙ্গাইল সদর | টাঙ্গাইল |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আব্দুর রহমান**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ মাঘ ১৪২৭/১৭ জানুয়ারি ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১৭.২০২০-০৪**—যেহেতু, আপনি জনাব মোহাম্মদ রাকিব খাঁন (বিপি-৭৭০৮১২১৫৭৪), অতিরিক্ত পুলিশ সুপার, ১৪ এপিবিএন, কক্সবাজার জনৈক মীর মাহবুব আলীর ১ম স্ত্রী জেসমিন আক্তার খান স্নিগ্ধাকে গ্রাম থেকে পালিয়ে নিয়ে গত ০৬-০৩-২০০৫ তারিখে ১ম বিবাহ করেন। ১ম স্ত্রীর গর্ভে ১ মেয়ে ও ১ ছেলে জন্মগ্রহণ করে। অতঃপর গত ০৯-১০-২০১২ তারিখে ১ম স্ত্রীকে তালাক প্রদান করা সত্ত্বেও নিয়ম বহির্ভূতভাবে ৪ জনের পারিবারিক রেশন উত্তোলন করেন। পরবর্তীতে ১০-০৮-২০১৩ খ্রিঃ তারিখ অভিযোগকারী নাসরিন আক্তার নুপুরকে ২০,০০,০০০ (বিশ লক্ষ) টাকা দেনমোহরানায় ২য় বিবাহ করেন। দ্বিতীয় স্ত্রী নাসরিন আক্তার নুপুরকে মোবাইল ফোনে অশ্লীল ভাষায় গালিগালাজ করেন এমনকি তাকে শারীরিকভাবে নির্যাতনও করেন। এছাড়া আপনার অধীনস্থ নারী কনস্টেবল এর সাথে অনৈতিক সম্পর্ক স্থাপন করেন;

০২। যেহেতু, আপনার এইরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

০৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর উত্থাপিত অভিযোগে একই বিধিমালার বিধি ১২ (১) মোতবেক আপনাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা সমীচীন মর্মে প্রতীয়মান হওয়ায় এতদ্বারা জনাব মোহাম্মদ রাকিব খাঁন (বিপি-৭৭০৮১২১৫৭৪), অতিরিক্ত পুলিশ সুপার, ১৪ এপিবিএন, কক্সবাজার কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

০৪। সাময়িক বরখাস্তকালে পুলিশ অধিদপ্তরে সংযুক্ত থাকবেন এবং বাংলাদেশ সার্ভিস রুলস (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

০৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোস্তাফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

---

**সীমান্ত-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ মাঘ ১৪২৬/১৭ জানুয়ারি ২০২১

নং **৪৪.০০.০০০০.১১৮.০৮.০০৬.১৯(অংশ)-১৩**—বাংলাদেশ কোস্ট গার্ড সদস্যগণের দায়িত্ব পালনের ক্ষেত্রে অকুতোভয় অবদান, বীরত্ব/সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতি স্বরূপ নিম্নবর্ণিত ১০ (দশ) জনকে "বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম)", ১০ (দশ) জনকে "প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম)" এবং গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে প্রশংসনীয় অবদানের জন্য ১০ (দশ) জনকে "বাংলাদেশ কোস্ট গার্ড পদক- সেবা (বিসিজিএমএস)" ও ১০ (দশ) জনকে "প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক- সেবা (পিসিজিএমএস)" প্রদান করা হলো :

ক। **বাংলাদেশ কোস্ট গার্ড পদক- (বিসিজিএম)**

| ক্রঃ নং | পি নং/সঃ সংখ্যা | পদবি ও নাম | পদকের নাম | নগদ টাকার পরিমাণ (এককালীন) | বেতনের সাথে মাসিক টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১। | ৪৭০ | রিয়ার এডমিরাল এম আশরাফুল হক, এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি | বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএম) | ১,০০,০০০/- (এক লক্ষ) | ১,৫০০/- (এক হাজার পাঁচশত) |
| ২। | ৯৬৩ | ক্যাপ্টেন এস এম মঈন উদ্দীন, (এইচ-১), পিএসসি, বিএন | | | |
| ৩। | ২০৮৩ | লেঃ কমান্ডার এম সাজ্জাদ হোসেন, (এক্স), বিএন | | | |
| ৪। | ২৬২৯ | লেঃ কমান্ডার ইমতিয়াজ আলম, (এক্স), বিএন | | | |
| ৫। | ২৬৭১ | লেঃ শাহ জিয়া রহমান, (এক্স), বিএন (বর্তমান পদবি লেঃ কমান্ডার) | | | |
| ৬। | ২৭১৫ | লেঃ এম মেহেদী হাসান, (এক্স), বিএন (বর্তমান পদবি লেঃ কমান্ডার) | | | |
| ৭। | ৯৭০৩৬৫ | মোঃ জাহাঙ্গীর আলম, সিপিও (টিডি-১) | | | |
| ৮। | ৯৮০০৩২ | মোহাম্মদ আলী, সিপিও (সিডি-১) | | | |
| ৯। | ২০১২০১১৬ | মাহমুদ শরীফ, এলএস (টিডি-২) | | | |
| ১০। | ২০১৪০৯৯১ | এম আবু হানিফ, এমই-১ | | | |

খ। **প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক- (পিসিজিএম)**

| ক্রঃ নং | পি নং/সঃ সংখ্যা | পদবি ও নাম | পদকের নাম | নগদ টাকার পরিমাণ (এককালীন) | বেতনের সাথে মাসিক টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১। | ৯৭১ | ক্যাপ্টেন এস এম শরিফ-উল ইসলাম, (এন), এনপিপি, পিসিজিএমএস, পিএসসি, বিএন | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএম) | ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) | ১,০০০/- (এক হাজার) |
| ২। | ১৪৪৬ | কমান্ডার মোঃ নিজাম উদ্দিন সরদার, (জি), বিএন | | | |
| ৩। | ১২২৩ | লেঃ কমান্ডার এম ফিরোজ খাঁন, (জি), পিপিএম, পিএসসি, বিএন | | | |
| ৪। | ২৮৩৫ | লেঃ এম বায়েজীদ, (এক্স), বিএনভিআর (বর্তমান পদবি লেঃ কমান্ডার) | | | |
| ৫। | ৯৭০৩১৯ | এম আব্দুর রাজ্জাক, পিও (এফসি-১) | | | |
| ৬। | ২০০৩০২৭৬ | মোঃ রেজাউল করিম, পিও (এফসি-১) | | | |
| ৭। | ২০১১০২৯৯ | এম সোহরাব হোসেন, এলএমএ | | | |
| ৮। | ২০১১০৩৬৪ | এম ইয়াদুল ইসলাম, এলপিএম | | | |
| ৯। | ২০১২০৭৩১ | মোঃ সুমন মিয়া, আরও (জি)-১ | | | |
| ১০। | ২০১৫০১৮০ | মোঃ আশিক ইকবাল শাকিল, এবি (এফসি-৩) | | | |

গ। **বাংলাদেশ কোস্ট গার্ড পদক- সেবা (বিসিজিএমএস)**

| ক্রঃ নং | পি নং/সঃ সংখ্যা | পদবি ও নাম | পদকের নাম | নগদ টাকার পরিমাণ (এককালীন) | বেতনের সাথে মাসিক টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১। | ৫৬৮ | কমডোর এম শাহজাহান, (এন), এনপিপি, এনডিসি, পিএসসি, বিএন (বর্তমান পদবি রিয়ার এডমিরাল) | বাংলাদেশ কোস্ট গার্ড পদক (বিসিজিএমএস) - সেবা | ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) | ১,৫০০/- (এক হাজার পাঁচশত) |
| ২। | ৮৩৮ | ক্যাপ্টেন এম নূরুল ইসলাম শরীফ, (ই), পিএসসি, বিএন | | | |
| ৩। | ১৩৯১ | কমান্ডার এস এম আনোয়ারুল করিম, (এনডি), বিএন | | | |
| ৪। | বিএ-১০২০৫৫ | সার্জন লেঃ কমান্ডার ফাতেমা তুজ জোহরা, এএমসি | | | |
| ৫। | ২০১২০০০১ | মোঃ ইয়াকুব আলী, চিফইআরএ | | | |
| ৬। | ৯৯০৩৩৪ | মোঃ মামুন মিয়া, পিও (সিডি-১) | | | |
| ৭। | ২০০২০১৩২ | মোঃ মোনাঈম হোসেন, পিও (এফসি-১) | | | |
| ৮। | ৯৯০২৮৩ | মোঃ সাইফুর রহমান, এলকুক | | | |
| ৯। | ২০০৯০৭১৪ | মামুন-উর-রশিদ, এলইন | | | |
| ১০। | ৯৫০০৭ | মোঃ শাহীনূল হক, স্টেনোগ্রাফার | | | |

ঘ। **প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক- সেবা (পিসিজিএমএস)**

| ক্রঃ নং | পি নং/সঃ সংখ্যা | পদবি ও নাম | পদকের নাম | নগদ টাকার পরিমাণ (এককালীন) | বেতনের সাথে মাসিক টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১। | ১৪৪৩ | কমান্ডার এম মাহফুজুর রহমান, (এল), বিএন | প্রেসিডেন্ট কোস্ট গার্ড পদক (পিসিজিএমএস) - সেবা | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) | ১,০০০/- (এক হাজার) |
| ২। | ১৫০০ | কমান্ডার এম আশরাফুল আলম, (জি), পিএসসি, বিএন | | | |
| ৩। | ১৫৫৪ | কমান্ডার এম লোকমান হাকিম, (এনডি), বিএন | | | |
| ৪। | ২১৯৬ | লেঃ কমান্ডার মোস্তফা তারিক হায়দার, (ই), বিএন | | | |
| ৫। | ৮৫০৪২৬ | মোহাম্মদ সেকিল, এমসিপিও(এস) (বর্তমান পদবি অঃসাঃ লেঃ) | | | |
| ৬। | ৮৬০৩৭৬ | এম আব্দুস সালাম মিয়া, এমসিপিও (এক্স) | | | |
| ৭। | ৯৩০৫৭৭ | এম সাইফুল ইসলাম, এসসিপিও (এক্স) (সিডি-১) | | | |
| ৮। | ২০০৮০৭৬৭ | ইউছুফ আল মামুন, এলএসএ | | | |
| ৯। | ২০১৩০৬০০ | মোঃ আতিকুল বারী, এবি(কিউআরপি-২) | | | |
| ১০। | ডি-২০০৫০৭ | মোঃ ইয়াকুব মোল্লা, এমটিডি | | | |

২। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২২ ফেব্রুয়ারি ২০১২ তারিখের ৪৪.০০.০০০০.১১৬.০৪.০০২.১২-৫৮ নং প্রজ্ঞাপন অনুযায়ী পদক প্রাপ্তগণ এ পদক, নগদ এককালীন অনুদান ও মাসিক ভাতা বেতনের সাথে প্রাপ্য হবেন। পদক প্রাপ্তদের এককালীন অনুদান ও মাসিক ভাতা বাবদ ব্যয় বাংলাদেশ কোস্ট গার্ড এর বাৎসরিক বাজেট বরাদ্দ হতে নির্বাহ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বিকাশ বিশ্বাস**
সিনিয়র সহকারী সচিব।

---

**সুরক্ষা সেবা বিভাগ**

**মাদক-১ শাখা**

**অফিস আদেশ**

তারিখ : ০৫ মাঘ ১৪২৭/১৯ জানুয়ারি ২০২১

নং **৫৮.০০.০০০০.০৬১.০১.০২৩.১৬-১৮**— যেহেতু জনাব এস এম সাকিব হোসেন, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মুন্সিগঞ্জকে ঢাকার মেট্রোপলিটন পুলিশের কোতয়ালি থানার মামলা নং-১২, তারিখ : ১১-০১-২০২১, ধারা-১৭০/৩৯৫ দণ্ডবিধি এর সূত্র ধরে গত ১৮-০১-২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যায় পুলিশ কর্তৃক আটক করা হয়েছে। তিনি ও তার সঙ্গীয় কর্মচারীগণ পুলিশের নাম ব্যবহার করে গত ০৭-০১-২০২১ খ্রিঃ তারিখ রাতে ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর কোতয়ালী থানাধীন জিন্দাবাহার এলাকা থেকে ০১ (এক) জন ব্যক্তিকে ধৃত করে তার সাথে থাকা স্বর্ণালংকার কেড়ে নিয়ে তাকে পথিমধ্যে ছেড়ে দিয়েছেন।

০২। যেহেতু ফৌজদারি মামলায় পুলিশ কর্তৃক আটককৃত জনাব এস এম সাকিব হোসেন, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ১৯-০১-২০২১ তারিখ ৫৮.০২.০০০০.০০৬.২৭.৭১৭.১৯-৩০৩ নং পত্রমূলে সুরক্ষা সেবা বিভাগকে অনুরোধ করেছে।

০৩। সেহেতু বিএসআর পার্ট-১ এর বিধি ৭৩ এর নোট (২) এ বর্ণিত বিধান এবং সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা মোতাবেক জনাব এস এম সাকিব হোসেন, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মুন্সিগঞ্জকে গ্রেফতার হওয়ার দিন হইতে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন**
উপসচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ পৌষ ১৪২৭/১৩ জানুয়ারি ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.১৯-৫৯**—চট্টগ্রাম জেলার সীতাকুন্ড মডেল থানার মামলা নং-২৪, তারিখ : ১০-০২-২০২০ খ্রিঃ-এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ আমিনুল ইসলাম**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**পরিকল্পনা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ জানুয়ারি ২০২১ খ্রিঃ

নং **৫৯.০০.০০০০.১৫২.১৪.০৫০.২০১৭-০৭**—পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতায় কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকাদের মিডওয়াইফে রূপান্তরের বিষয়ে সুপারিশ প্রণয়নের নিমিত্ত নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম

**সদস্যবৃন্দ**

২. যুগ্ম-সচিব (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম
৩. পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৪. পরিচালক (এমসিএইচ), পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৫. লাইন ডাইরেক্টর, এমএনসিএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর
৬. প্রতিনিধি, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
৭. রেজিস্টার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
৮. ড. সেলিনা আহমেদ, হেলফ এ্যাডভাইজার, এফসিডিও
৯. ডা. আবু সাইদ মোহাম্মাদ হাসান, প্রোগ্রাম স্পেশালিস্ট, ইউএনএফপিএ
১০. ড. সেলিনা আমিন, প্রধান, মিডওয়াইফারি শিক্ষা কার্যক্রম, ব্র্যাক
১১. ড. সেতারা রহমান, কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, জাপাইগো

**সদস্য-সচিব**

১২. উপসচিব (পরিকল্পনা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম

**কমিটির কার্যপরিধি :**

ক. কমিটি সার্বিক দিক পর্যালোচনা করত পরিবার কল্যাণ পরিদর্শিকাদের মিডওয়াইফ এ রূপান্তরের সুপারিশ প্রণয়ন করবে;

খ. কমিটি প্রজ্ঞাপন জারির ১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে; এবং

গ. প্রয়োজন অনুযায়ী কমিটিতে কারিগরি সদস্য অন্তর্ভুক্ত করা যাবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ রফিকুল ইসলাম**
উপসচিব।

---

**শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ পৌষ ১৪২৭/১১ জানুয়ারি ২০২১

নং **৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৩.২০-২২৫**—যেহেতু, ডা. সৈয়দা সুলতানা পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), বাবুগঞ্জ, বরিশাল এর বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে যে, তিনি বিনা কারণে ক্লিনিক্যাল এবং নন-ক্লিনিক্যাল কর্মচারীদের সাতে দুর্ব্যবহার করেন। ক্লিনিক্যাল কর্মচারীদের এ মর্মে হুমকি প্রদান করেন যে, তারা পিআরএলও পেনশনের টাকা জীবনে ভোগ করে যেতে পারবে না, তাদের বেতন ভাতাদি বন্ধ করে দেওয়া হবে এবং মাসিক সভায় সকল কর্মচারীকে অশোভন কথাবার্তা বলেন। তিনি ২২-০৯-২০১৯ তারিখে বাবুগঞ্জ উপজেলার রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নির্ধারিত ক্যাম্পে ইমপ্লান্ট করতে আসা রাজগুরু গ্রামের বৃষ্টি বেগম নামক মুমূর্ষ রোগীকে সকাল ১০:০০টা হতে বেলা ০২:০০টা পর্যন্ত বসিয়ে রেখে ইমপ্লান্ট খুলে না দিয়ে অশোভন আচরণ করে ওটি থেকে বের করে দেন। অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

২। যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। গত ০৩-০১-২০২১ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। কারণ দর্শানো নোটিশের জবাবে ও শুনানিকালে প্রদত্ত বক্তব্যে তিনি উল্লেখ করেন যে, তিনি ২৭-০৩-২০১৯ তারিখে বাবুগঞ্জ উপজেলায় মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) পদে যোগদান করেন। তিনি উক্ত উপজেলায় যোগদান করার পর কিছু অনিয়ম লক্ষ্য করেন। পরিবার পরিকল্পনা সহকারীগণ বাবুগঞ্জের বাইরে অবস্থিত অন্য উপজেলা ও বেসরকারি ক্লিনিকের সিজার পরবর্তী টিউবেকটমি গ্রহীতা ব্যক্তিগত

অর্জনে যোগ করে প্রজেকশন তৈরী করেন। ঐ সকল সেবাগ্রহীতাদের সমুদয় বিল নির্ধারিত কোডের বরাদ্দ হতে বিল উত্তোলন করে পরিশোধ করতে হয়। ফলে অপারেশন পরবর্তী অর্থ প্রদান এবং রেজিস্টার খাতায় সার্জনের স্বাক্ষর নিয়ে জটিলতা তৈরী হয়। ক্লায়েন্ট রেজিস্টারে অনেক সার্জনের স্বাক্ষর নেই। সার্জনের স্বাক্ষর আনার জন্য সংশ্লিষ্ট কর্মীদের বলা হলে পরিবার পরিকল্পনা পরিদর্শক ও সহকারীগণ অনীহা প্রকাশ করেন। এ বিষয়টিকে কেন্দ্র করে মাসিক সভায় কয়েকজন কর্মচারী অভিযুক্ত কর্মকর্তার সাথে দুর্ব্যবহার ও অশোভন আচরণ করেন। তার বিরুদ্ধে কর্মচারীদের সাথে দুর্ব্যবহার করার আনীত অভিযোগ সত্য নহে। এছাড়া বিভিন্ন অনিয়মের কারণে অভিযুক্ত কর্মকতা কয়েকজন কর্মীকে কারণ দর্শানো নোটিশ প্রদান করেন। অভিযোগে বর্ণিত বৃষ্টি বেগমের ইমপ্লান্ট খুলে দেয়ার নির্ধারিত তারিখ ছিল ২৪-০৯-২০১৯ খ্রিঃ। ২২-০৯-২০১৯ খ্রিঃ তারিখে সীমিত উপকরণের কারণে তার ইমপ্লাট খোলা সম্ভব হয়নি এবং তাকে ২৪-০৯-২০১৯ তারিখে আসার জন্য অনুরোধ করা হয় এবং উক্ত তারিখে ইমপ্লান্ট খুলে দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা চেয়ারম্যান অভিযোগে বর্ণিত ঘটনার সাক্ষী থাকলেও প্রাথমিক তদন্তে তদন্তকারী কর্মকর্তা তাদের কোন সাক্ষ্য গ্রহণ করেননি;

৩। যেহেতু, শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার প্রদত্ত বক্তব্যের সমর্থনে উপস্থাপিত ডকুমেন্ট পর্যালোচনা করে অভিযোগের গ্রহণযোগ্যতা ও বিশ্বাসযোগ্যতা প্রতীয়মান হয়নি এবং অভিযুক্তের বিরুদ্ধে বিভাগীয় মামলায় অগ্রসর হওয়ার মত যথোপযুক্ত যৌক্তিকতা প্রতীয়মান হয়নি;

৪। সেহেতু, অভিযোগ, শুনানিতে প্রদত্ত বক্তব্য ও সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক অভিযুক্ত ডা. সৈয়দা সুলতানা পারভীনকে অভিযোগের দায় হতে অব্যাহতি দেয়া হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আলী নূর**
সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উন্নয়ন-১ শাখা**

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ মাঘ, ১৪২৭/১৮ জানুয়ারি, ২০২১

নং **৪৬.০০.০০০০.০৬৭.২৭.০০১.২০-৩৪**—জনাব রতন কুমার ফৌজদার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা-বাঘা, জেলা-রাজশাহী তার সাবেক কর্মস্থল নাটোর জেলার গুরুদাসপুর উপজেলায় কর্মরত থাকাকালীন ২০১৭-১৮ অর্থ বছরে গুরুদাসপুর উপজেলা পরিষদের বাসা বাড়ি রক্ষণাবেক্ষণ ও মেরামত খাতের আওতায় উপজেলা পরিষদের ইউএনও এর বাসভবন মেরামত, ডরমেটরি, আবাসিক ভবন টুইন কোয়ার্টার সোনালী ও আবাসিক ভবন টুইন কোয়ার্টার রূপালী মেরামত কাজ বাস্তবায়নের জন্য ২৭-০৬-২০১৮ তারিখে ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করে একইদিনে ঠিকাদারকে চূড়ান্ত বিল পরিশোধ করে আর্থিক শৃংখলা বিঘ্নিত হয়েছে। জনাব রতন কুমার ফৌজদার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা-বাঘা, জেলা-রাজশাহী কর্তৃক দাখিলকৃত জবাব ও সংযুক্ত রেকর্ডপত্র পর্যালোচনা করে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

বর্ণিতাবস্থায়, অভিযোগ বিবরণী, অভিযোগনামা, লিখিত জবাব, সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় দেখা যায় আর্থিক অনিয়ম হয়েছে তবে আত্মসাৎ হয়নি কিন্তু কাজ সমাপ্ত হয়েছে। সার্বিক বিবেচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) বিধিতে বর্ণিত যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগের সত্যতা প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(ক) এর বিধান মোতাবেক জনাব রতন কুমার ফৌজদার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা-বাঘা, জেলা-রাজশাহী- কে "তিরস্কার দণ্ড" আরোপ করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**হেলালুদ্দীন আহমদ**
সিনিয়র সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ০৪ মার্চ ২০২১ খ্রিঃ

নং **বিচার-৭/২এন-১০৪/১৮-৫৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ আমির হোসেন, পিতা-মোঃ আলী আকবর, মাতা-মেহেরুন্নেছা (মাজেদা), গ্রাম-নাইউরীপাড়া, ডাকঘর-কুয়াকাটা, উপজেলা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার ৭নং লতাচাপলী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল বা স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **বিচার-৭/২এন-০৮/৭৫-৫৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ আব্দুল মালেক, পিতা-মোঃ গোলাম রহমান, মাতা-ছালেহা বেগম, গ্রাম-পশ্চিম বাদুরতলী, ডাকঘর-মধ্যটিয়াখালী, উপজেলা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার ২নং টিয়াখালী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল বা স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।